দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 NOV 1994 ...
পৃষ্ঠা ... ৫ কলাম ... ৫ ...

05

# উপবৃত্তির অর্থ কর্তন করায় মিছিল

রায়পুর (লক্ষ্মীপুর) সংবাদদাতা ॥ রায়পুর থানা চরপাতা ইসহাকিয়া মৈত্রী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিদ্যালয়ের নবম এবং ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রীদের উপবৃত্তির টাকা কর্তন করিয়া রাখার প্রতিবাদে শিক্ষকদের বিরুদ্ধে ছাত্রী অভিভাবকরা ১লা নভেম্বর এক প্রতিবাদ মিছিল করে। জানা যায়, সরকারী ফিমেল সেকেন্ডারী স্কুল এসিস্ট্যান্স কর্মসূচীর উপবৃত্তির টাকা স্থানীয় ব্যাংক কর্মচারী গত ২৬শে সেপ্টেম্বর উক্ত স্কুলে গিয়া ৬ষ্ঠ এবং নবম শ্রেণীর ছাত্রীদেরকে জানুয়ারী হইতে জুন মাসের টাকা একত্রে প্রদান করে। বিদ্যালয়ের শিক্ষকরা বকেয়া বেতনসহ আনুষঙ্গিক খরচের কথা বলিয়া সকল ছাত্রীর নিকট হইতে উপবৃত্তির অধিকাংশ টাকার বিনা রসিদে কর্তন করিয়া রাখেন। ইহাতে ছাত্রী ও অভিভাবকদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয় এবং কর্তন করা উপবৃত্তির টাকা ফেরত দেওয়ার জন্য প্রধান শিক্ষককে চাপ দেয়। টাকা ফেরত না দেওয়ায় অভিভাবকরা স্কুলের শিক্ষকদের বিরুদ্ধে গ্রামে মিছিল করে। প্রধান শিক্ষক উপবৃত্তির টাকা কর্তনের কথা স্বীকার করিয়াছেন। ছাত্রীদের বেতনের ভর্তুকি সরকার বিদ্যালয়গুলিকে দিয়া থাকে। বই, জামা-কাপড় ও আনুষঙ্গিক খরচের জন্য ছাত্রীদেরকে উপবৃত্তি দেওয়া হয়। উপবৃত্তির টাকা কর্তন করা নিয়ম বহির্ভূত বলিয়া স্থানীয় ফিমেল সেকেন্ডারী স্কুল এসিস্ট্যান্সের অফিস সূত্রে জানা যায়।